



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
প্রশাসন শাখা


...

সভাপতি	ড. আহমেদ উল্লাহ পরিচালক
সভার তারিখ	১৩ ডিসেম্বর ২০১৯ খ্রি:
সভার সময়	সকাল ১০.৩০ টা
স্থান	ফাউন্ডেশনের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট ক'তে সন্নিবেশিত হলো

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এপিএ টিমের সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভায় সংশ্লিষ্ট বিষয়ে আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	নিদর্শন দ্রব্য সংগ্রহ	নিদর্শন দ্রব্য সংগ্রহের বিষয়ে সুনির্দিষ্ট পদক্ষেপ ও পরিকল্পনা দাখিল করার নির্দেশনা প্রদান করা হলো।	ডিসপ্লে অফিসার
০২	শিল্পাচার্য জয়নুল আবেদিনের জন্মবার্ষিকী উদযাপন	আগামী ২৯ ডিসেম্বর শিল্পাচার্য জয়নুল আবেদিনের জন্মবার্ষিকী উদযাপন ও পৌষমেলা উপলক্ষে সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে।	ডিসপ্লে অফিসার ও সংশ্লিষ্ট কমিটি
০৩	ক্যাটালগিং ও ডকুমেন্টেশন সংক্রান্ত	দারুশিল্প ও নকশিকাঁথার উপর চলমান ক্যাটালগিং ও ডকুমেন্টেশন দ্রুত সমাপ্ত করতে হবে ও এ কাজের তদারকি বাড়াতে হবে।	ডিসপ্লে অফিসার ফটোগ্রাফার
০৪	প্রদর্শনী আয়োজন সংক্রান্ত	ফাউন্ডেশনের সংগ্রহে থাকা অত্যাৎকৃষ্ট ও দুর্লভ নকশিকাঁথা নিয়ে জাতীয় জাদুঘরে প্রদর্শনী আয়োজনের বিষয়ে প্রস্তুতি গ্রহণ করতে হবে। ভিন্ন মাধ্যমে আরেকটি প্রদর্শনী আয়োজনের বিষয়ে পরিকল্পনা গ্রহণ করতে হবে।	ডিসপ্লে অফিসার
০৫	কারুশিল্পী পদক সংক্রান্ত	কারুশিল্পী পদক নীতিমালা ও আজীবন সম্মাননা নীতিমালা অনুমোদিত হলে উক্ত নীতিমালা অনুযায়ী কারুশিল্পী পদক প্রদান করা হবে। নীতিমালা অনুমোদন না হলে বর্তমান নিয়ম অনুযায়ী পদক প্রদান করা হবে।	উপপরিচালক ডিসপ্লে অফিসার
০৬	দর্শনার্থী বৃদ্ধিকরণ	ফাউন্ডেশন পরিদর্শনে দর্শনার্থী বৃদ্ধি করার লক্ষ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমে বিজ্ঞাপন প্রদানসহ প্রচার প্রচারণা বৃদ্ধি করতে হবে।	ডিসপ্লে অফিসার তত্ত্বাবধায়ক

০৭	কারুশিল্পী প্রশিক্ষণ	কারুশিল্পী প্রশিক্ষণ কার্যক্রম আরো প্রসার ও যুগোপযোগী করতে সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে প্রশিক্ষণ প্রদান করা যায় কি না সে বিষয়ে সম্পৃক্ত প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগ করে সুনির্দিষ্ট পরিকল্পনা ও মতামত দাখিল করতে হবে।	ডিসপ্লে অফিসার
০৮	কারুশিল্প জরিপ কার্যক্রম	রংপুর, জামালপুর, পটুয়াখালী (বাউফল) ও বরিশাল জেলায় কর্মরত কারুশিল্পীদের নিয়ে কারুশিল্পী জরিপ কার্যক্রম শুরু করতে হবে।	ডিসপ্লে অফিসার
০৯	গবেষণা ও প্রকাশনা সংক্রান্ত	দারুশিল্পের উপর প্রকাশনা তৈরির বিষয়ে বিশেষজ্ঞদের মতামত গ্রহণ করতে হবে এবং আগামী এপ্রিল মাসের মধ্যে দুটি গ্রন্থ প্রকাশের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।	উপপরিচালক ডিসপ্লে অফিসার



ড. আহমেদ উল্লাহ
পরিচালক


স্মারক নম্বর: ৪৩.২৮.০০০০.১১১.১৬.০০১.১৯.২৮

তারিখ: ২৮ অগ্রহাষণ ১৪২৬

১৩ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ২) ডিসপ্লে অফিসার, ডিসপ্লে শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৩) রেজিস্ট্রেশন অফিসার, গবেষণা শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৪) প্রধান অফিস সহকারী কাম হিসাবরক্ষক, হিসাব শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৫) তত্ত্বাবধায়ক, প্রশাসন শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন



ড. আহমেদ উল্লাহ
পরিচালক